



## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)

৮ রাজউক এভিনিউ, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.১১.০২৪.২৪. ৩নং

তারিখ: ০৮ এপ্রিল ২০২৪

### বিজ্ঞপ্তি

#### ‘অফিসার’ (গ্রেড-১০) পদে নিয়োগের নিমিত্ত রিপোর্টিং প্রসঙ্গে।


ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের ২১ মার্চ ২০২৪ তারিখের বিজ্ঞপ্তি নং- ৪১/২০২৪ এর মাধ্যমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর ‘অফিসার’ (গ্রেড-১০) পদে প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণের অনুকূলে রিপোর্ট করার নিমিত্ত পত্র ইস্যু করা হয়েছে:

৩৯২৮৫০ ৪৮১৫৪০ = ০২ জন

০২। বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে কর্পোরেশনের ওয়েবসাইট (www.icb.gov.bd) হতে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম ডাউনলোডকরতঃ যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্রাদি ক্রমানুসারে সংযুক্ত করে আগামী ২১ এপ্রিল ২০২৪ তারিখে সহকারী মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪), ৮ রাজউক এভিনিউ, ঢাকা এর নিকট রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো:

- ১) রোল নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস উল্লেখপূর্বক ‘অফিসার’ পদে যোগদানে ইচ্ছুক মর্মে স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- ২) সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি (ল্যাব প্রিন্ট);
- ৩) বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত প্রবেশপত্র;
- ৪) আবেদনকালীন চলমান ডিগ্রি/আবেদন পরবর্তীকালীন সম্পাদিত স্নাতকোত্তর/সমমান ডিগ্রির সনদের সত্যায়িত কপি;
- ৫) অনলাইন আবেদনে উল্লিখিত সর্বশেষ অর্জিত ডিগ্রির সপক্ষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি;
- ৬) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত কপি;
- ৭) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি;
- ৮) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
- ৯) বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বিবেচ্য প্রমাণক হিসেবে প্রয়োজনীয় দলিলাদির সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

০৩। আগামী ২১ এপ্রিল ২০২৪ তারিখে নির্দেশিত ফরম ও কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণ নিয়োগের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

  
(বিভাস সাহা)

উপ-মহাব্যবস্থাপক

অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

ই-মেইল: dgm\_admin@icb.gov.bd

ফোন : ০২-২২৩৩৫১৮৫৭